উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় ঃ সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

তারিখ ঃ ০৯-০৯-২০২১

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা বলেন, আমাদের দেশে করোনা ভাইরাসের প্রথম পর্যায়ে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। সেকেন্ড ওয়েভ পরিস্থিতিও নিয়ন্ত্রণে রয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৪৪৮৬ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ৪২৯০ জন, মোট মৃত্যু ১৮ জন। ৮২৪৪৫ জন করোনো ভ্যাকসিন এর ১ম ডোজ নিয়েছেন এবং ২য় ডোজ নিয়েছেন ৪৪০৩১ জন। যারা রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করেছেন তাদের সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। ভ্যাকসিনের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ভ্যাকসিন নেয়ার পাশাপাশি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করতে হবে। রূপগঞ্জ উপজেলা প্রশাসনের সহযোগিতায় সুষ্ঠুভাবে গণটিকা কার্যক্রম প্রদান সম্পন্ন হয়েছে। এ ভাইরাস হাঁচি, কাশির মাধ্যমে এক জন হতে অন্য জনের কাছে ছড়ায়। প্রথমত নিজেকে নিরাপদ রাখতে হবে। সবাইকে মাস্ক, হাত গ্লাভস ব্যবহার করতে হবে। কোন ব্যক্তি আক্রান্ত হলে সে অবশ্যই মাস্ক ব্যবহার করবে। কিছুক্ষণ পর পর সাবান দিয়ে ২০/৩০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের হাত ধোয়ার বিষয়ে সচেতন করে গড়ে তুলতে হবে। করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় আইনশৃঙ্খলা বাহিনী গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, খরিফ-২ মৌসুমে ১২৮০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। ১১৭৫ হেক্টর জমিতে আবাদ হয়েছে। মাঠের অবস্থা ভাল। মনিটরিং অব্যাহত রয়েছে। কৃষি পুনর্বাসন কর্মসূচীর আওতায় ৫ জন কৃষকের মাঝে নাবী জাতের পাট বীজ,সার ও বিতরন করা হয়েছে। কৃষি পুনর্বাসন কর্মসূচীর আওতায় ৫০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে মাসকলাই বীজ,সার ও বিতরনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। যথাসময়ে কর্মসূচী বাস্তবায়ন করা হবে। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ১১০ মেঃটন ইউরিয়া, ৭৪ মেঃটন টিএসপি, ৬০ মেঃটন ডিএপি এবং ৩১ মেঃটন এমওপি সার মজুদ রয়েছে। বর্তমানে সারের কোনো সংকট নেই। মনিটরিং অব্যাহত রয়েছে। | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, আমরা আনন্দমুখর পরিবেশে মৎস্য সপ্তাহ উদযাপন করেছি। উপজেলার পুকুরসহ কয়েকটি পুকুরে প্রায় ২৭০ কেজি পোনা মাছ অবমুক্ত করেছি। মাছের আড়ৎ ও বাজার মনিটরিং অব্যাহত আছে। পিরানহা ও আফ্রিকান মাগুর যাতে বাজারে বিক্রি না হয় এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিসহ সকলের সহায়তা কামনা করছি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে, আগস্ট /২০২১ মাসের কার্যবিবরণী সভায় উপস্থাপন করায়-<br><br>১। গাভীর কৃত্রিম প্রজনন- ১১২০টি।<br>২। গবাদিপশুর টিকা প্রদান- ২৭৯৬টি।<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদান- ৬৩৬০০টি।<br>৪। গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২১৭৫টি।<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- ২৫৮৫৮টি।<br>৬। পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১৪টি।<br>৭। উঠান বৈঠকের সংখ্যা- ০৪টি।<br>৮। উঠান বৈঠকে অংশগ্রহনকারীর সংখ্যা- ৬০জন।<br>তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **(ক) টিআর কর্মসূচি:-**<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় ১ম পর্যায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে-১৮,০৬,৩১৮.৭৮ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং প্রকল্প তালিকা প্রস্তুত চলমান।<br><br>(২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে-৪৯,৫৭,৬৬৬.৬৬ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং প্রকল্প তালিকা প্রস্তুত চলমান।<br><br>**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি:-**<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১ম পর্যায়- ৩,২৭৫৫৭.৮৬ টাকা, ৬৯.৩১০১মে:টন চাল, ৬৯.৩১০১ মে:টন গম বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান।<br><br>(২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে-৭৫,৫৮,৯২৪.০১ টাকা, ১৫৯.৯৪৪ মে:টন চাল, ১৫৯.৯৪৪ মে:টন গম বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান।<br>**(গ) সেতু/কালভার্ট কর্মসূচি:**<br><br>(১) ২০১৮-২০১৯ অর্থ বছরে গৃহীত ১১টি সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কার্যাদেশপত্র প্রদান করা হয়েছে। ১০টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং ১টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি-৯১%<br>(২) ২০২০-২০২১ অর্থ বছরে অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে ১৯৯৭ জন শ্রমিকের বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা ৩২টি প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি-১০০%।<br><br>**ঙ) বন্যা প্রবণ ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ :**<br><br>(১) গোলাকান্দাইল ইউনিয়নের মজিবুর রহমান ভূইয়া উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্বাবধানে বাস্তবানের লক্ষে মেসার্স আশা কন্সট্রাকশন এর নামে কার্যাদেশপত্র জারীকরা হয়েছে। কাজ চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

<table>
<tr>
<td>৭</td>
<td>পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি সভায় তার আগস্ট/২১ মাসের কার্যবিবরণী সভায় তুলে ধরেন।<br><br>০১। উপজেলার মোট সক্ষম দম্পতি ঃ ৯৭৪১<br>০২। উপজেলার মোট গ্রহণকারী ঃ ৭৩৩৪২<br>০৩। সিএআর (ঈঅজ) ঃ ৭৫.২৭%
<table>
<tr><td rowspan="3">মাসের নাম</td><td colspan="3" rowspan="2">স্থায়ী পদ্ধতি</td><td colspan="6">দীর্ঘ মেয়াদী পদ্ধতি</td></tr>
<tr><td colspan="3">আইইউডি</td><td colspan="3">ইমপ্লানন</td></tr>
<tr><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>আগস্ট/২১</td><td>১৪৪</td><td>৬</td><td>৪%</td><td>১০৬</td><td>৩৯</td><td>৩৭%</td><td>৮৭</td><td>২৯</td><td>৩৩%</td></tr>
</table>
<table>
<tr><td rowspan="3">মাসের নাম</td><td colspan="9">অস্থায়ী পদ্ধতি</td></tr>
<tr><td colspan="3">ইনজেকশন</td><td colspan="3">খাবার বড়ি</td><td colspan="3">কনডম</td></tr>
<tr><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td><td>প্রজেকশন</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>আগস্ট/২১</td><td>১৫২৩</td><td>৭০৯</td><td>৪৭%</td><td>৩১২৫</td><td>১৯৬৮</td><td>৬০%</td><td>৫৬১</td><td>২১৩</td><td>৩৮%</td></tr>
</table>
<table>
<tr><td colspan="5">মা শিশু স্বাস্থ্য সেবা</td><td>কিশোর কিশোরী সেবা</td><td colspan="2">সাধারণ রোগী</td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>গর্ভবতীর যত্ন</td><td>প্রসব</td><td>প্রসবোত্তর যত্ন</td><td>শিশুর যত্ন</td><td>কিশোর কিশোরী</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>৩১৬৪</td><td>৯৬৩</td><td>১৮৫</td><td>২৬২</td><td>২৬৮</td><td>২১৪১</td><td>৫০৮</td><td>২৯৮৪</td></tr>
</table>
দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
<tr>
<td>৮</td>
<td>শিক্ষা</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার বলেন, দীর্ঘ প্রায় আঠারো মাস পর আগামি ১২-০৯-২০২১ তারিখ বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হবে। তারই ধারাবাহিকতায় রূপগঞ্জ উপজেলার সকল প্রাথমিক শাখার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হবে। আমরা আনন্দিত। বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন বিদ্যালয়ে হ্যান্ডওয়াশ ব্লক প্রস্তত করা হয়েছে। মাক্স, স্প্রে, থার্মোমিটার ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর মাক্স পরা বাধ্যতামূলক। সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে ক্লাস ও সকল কার্যক্রম পরিচালনা করা হবে। যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস উপলক্ষে রূপগঞ্জ উপজেলা পর্যায়ে প্রাথমিক শাখায় বিভিন্ন প্রতিযোগিতা অত্যন্ত সুন্দরভাবে আয়োজন করা হয়েছে এবং সকল প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি উদযাপন করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক আমাদের রূপগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে ৫৭টি প্রাথমিক বিদ্যালয়ের  মধ্যে ৫১টি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানের অনুমোদন পেয়েছি; কার্যক্রম চলমান রয়েছে এবং মনিটরিং করা হচ্ছে। শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা করার বিষয়ে নিয়মিতভাবে মনিটরিং করা হয়। মুজিববর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>মাধ্যমিক শিক্ষা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক পর্যায়ে এসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয় চালু  হলেও এসাইনমেন্ট কার্যক্রম চলমান থাকবে। দীর্ঘ প্রায় দেড় বছর পর আগামি ১২-০৯-২০২১ তারিখ শিক্ষা প্রতিষ্ঠান চালু হবে। আমরা অনেক আনন্দিত। বিদ্যালয় খোলার জন্য পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে এ উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম সম্পন্ন হয়েছে।। ইতোমধ্যে বিভিন্ন বিদ্যালয়ে হ্যান্ডওয়াশ ব্লক প্রস্তত করা হয়েছে। মাক্স, স্প্রে, থার্মোমিটার ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর মাক্স পরা বাধ্যতামূলক। প্রত্যেকটি বিদ্যালয়ে আইসোলেশন কক্ষ এর ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। যদি কোনো শিক্ষার্থীর তাপমাত্রা বেশি হয়; সাথে সাথে</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | আইসোলেশনে নিতে হবে। সরকারি নির্দেশনা মোতাবেক ক্লাস ও অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস উপলক্ষে রূপগঞ্জ উপজেলা পর্যায়ে মাধ্যমিক শাখায় বিভিন্ন প্রতিযোগিতা অত্যন্ত সুন্দরভাবে আয়োজন সম্পন্ন হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষকদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ অব্যাহত আছে। আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাসের ব্যবস্থা করেছি। তবে সকলের কাছে ডিভাইস না থাকায় এটি ফলপ্রসু হচ্ছে না। অনলাইনে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। সরকারের নির্দেশনা মোতাবেক আমরা নোট বই ও গাইড বইকে নিষিদ্ধ করেছি। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | | |
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার বলেন, ২০২১-২২ অর্থ বছরে যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন তাদের পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করা প্রয়োজন। সে লক্ষে পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অনতিবিলম্বে প্রতিস্থাপিত ভাতাভোগীর অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে দাখিল করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরো জানান প্রান্তিক জনগোষ্টির জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় রূপগঞ্জ উপজেলার প্রান্তিক জনগোষ্টির দশ ধরনের ব্যক্তিদের জরিপ করা হচ্ছে। জরিপকৃত ব্যক্তিদের অনলাইন ডাটাবেজ প্রস্তুত করা হবে। পরবর্তীতে উক্ত জনগোষ্টির জীবনমান উন্নয়ন এর নিমিত্ত বিভিন্ন প্রশিক্ষণ, ভাতা ও অনুদানের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে অধিদপ্তর হতে জানানো হয়েছে। তাছাড়া প্রতিবন্ধিতা শনাক্তকরণ ও আইডি কার্ড প্রদান সহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি জানান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর-রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২৩ লক্ষ ৬০ হাজার টাকা ঋণ বিতরণ কাজ সম্পন্ন হয়েছে। আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | উপজেলা খাদ্য অফিস, রূপগঞ্জ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা খাদ্য বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান, ২০২০-২১ অর্থ বছরে মাননীয় সংসদ সদস্যর নামে বরাদ্দকৃত ৫০০০টি ফলদ, বনজ ও ভেষজ চারা মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনায় মেয়র তারাব পৌরসভা কর্তৃক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয় এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে বিতরণ সম্পন্ন হয়। বন বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক জানান, পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | পরিসংখ্যান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আওতাধীন অনুষ্ঠিতব্য 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর ১ম জোনাল অপারেশন সম্পন্ন হয়েছে। পরিবেশ, জলবায়ু পরিবর্তন দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরন প্রকল্পের Listing কার্যক্রম ও শেষ হয়েছে। এছাড়া পরিসংখ্যান কার্যালয়ের অন্যান্য নিয়মিত কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ , দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভাকে জানান, ইউজিডিপি'র আওতায় ২০২০-২১ (৫ম পর্যায়) অর্থ বছরের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ০২টি প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ১। রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্টাল অক্সিজেন প্লান্ট স্থাপন, ২। মুড়াপাড়ার ব্রাক্ষণগাঁও জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ।<br>তাছাড়া অত্র অর্থ বছরে সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে নিম্নদ বর্ণিত উপ প্রকল্পসমূহ অনুমোদিত হয়। ১। গবাদী পশুর টীকা দানকারী সেবাকর্মী প্রশিক্ষণ। ২। ডিজিটাল ভূমিসেবা বিষয়ক প্রশিক্ষণ। ৩। মহিলাদের আয়বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নে পাটজাত পন্য তৈরি বিষয়ক প্রশিক্ষণ। ৪। কৃষি উৎপাদনে তরমুজ চাষ বিষয়ক প্রশিক্ষণ। ৫। মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ। ৬। শিক্ষক কর্মচারীদের মাল্টিমিডিয়া ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>প্রকল্প প্রস্তাবনাসমূহ প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ,রূপগঞ্জ |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | আগস্ট/২০২১খ্রিঃ মাসের উন্নয়ন সভায় পুরাতন ব্রক্ষপুত্র নদ পুনঃখনন কাজের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার মহোদয়ের আলোচনার প্রেক্ষিতে গত ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, পাউবো, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীণ "২০১৬-১৭ থেকে ২০২১-২২ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ণ বোর্ডের অধীণ নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলায় আড়িয়লখাঁ নদী, হাড়িধোয়া নদী, ব্রক্ষপুত্র নদ, পাহিড়ীয়া নদী, মেঘনার শাখা নদী এবং পুরাতন ব্রক্ষপুত্র শাখা নদ পুনঃখনন" শীর্ষক প্রকল্পের কাজের অগ্রগতি এবং বাস্তবায়ন সমস্যা বলী নিয়ে ৭২ গ্রীনরোড, পানি ভবনে একটি অনির্ধারিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সেনাবাহিনী কর্তৃক পুরাতন ব্রক্ষপুত্র নদের দুই পাড়ের কোন ক্ষতি সাধন না করে ডিজাইন অনুযায়ী যথাযথ ঢাল অনুসরনপূর্বক ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হবে মর্মে সভাকে আস্বস্ত করা হয়।<br>গত ৮ই ফেব্রয়ারী ২০২১ খ্রিঃ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়. নারায়ণগঞ্জ এ জেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্পের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত এন.এন.আই.পি (ব্লক-এ/১) সেচ প্রকল্পেরএল.এ.কেসনং- ৪১/৯১-৯২, শরিয়তগঞ্জ মৌজাস্থ আর.এস দাগনং- ৬৫, ৬৭ এবং আমলাব মৌজাস্থ আর.এস দাগনং- ১৬৪৮ এ প্রায় | সরকারী খাস/পাউবো অধিগ্রহনকৃত জমিতে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ এর সর্বাত্নক ব্যবস্থা গ্রহন করতে হবে। সরকারী সম্পত্তি উদ্ধার করতে হবে। কৃষিতে উৎপাদন বৃদ্ধি করতে হবে। জলাবদ্ধতা নিরসনকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। উপ-বিভাগীয় প্রকৌশলী, এনএনআইপি উপ-বিভাগ, ঢাকাপওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২.০০ ভূমিতে পার্ক নির্মাণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীয়। বর্নিত সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র দপ্তর হতে দরপত্র আহবান করতঃ ঠিকাদার মনোয়নপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত পাক নির্মাণের কাজ শুরুর পূর্বেই অধিগ্রহণকৃত ভূমির সীমানা নির্ধারণ করার জন্য উপজেলা প্রশাসন এর সহায়তা চাওয়া হয়।<br><br>তিনি জানান, সভার সভাপতি, উপজেলা চেয়ারম্যান, রূপগঞ্জ সভাকে অবহিত করেন যে, এনএনআইপিব্লক-এ/১ সেচ প্রকল্পে তাড়াইল হয়ে গঙ্গা সাগর পর্যন্ত যে খালটি বিদ্যমান তার উপর অবৈধ স্থাপনা নির্মান করে জলাবদ্ধতা সৃষ্টি করা হয়েছে। উপ-বিভাগীয়প্রকৌশলী, এনএনআইপি উপ-বিভাগ, বাপাউবো, ঢাকা সভাকে জানান, সরেজমিন পরিদর্শন পুর্বক সেচখাল এবং নিষ্কাশন খালের উপরে যে সকল অবৈধ স্থাপনা নির্মান করা হয়েছে তা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা পানি উন্নয়ণ বোর্ড কর্তৃক গ্রহন করা হবে। | | |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | শিক্ষা প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ |
| ২৬ | বিবিধ-০১ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |

কায়েতপাড়া ইউনিয়ন প্রতিনিধি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস উপলক্ষে রূপগঞ্জ উপজেলা প্রশাসনের পাশাপাশি আমরা ইউনিয়ন পর্যায়ে দিবসটি যথযথ মর্যাদায় উদযাপন করেছি। কোনো প্রকার অপ্রীতিকর বা বিশৃঙ্খলা ঘটেনি। এছাড়া তিনি আরো বলেন, বর্তমান সময়ে আমার কায়েতপাড়া ইউনিয়নের বেশ কিছু জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ড্রেন নিমার্ণ করে নদীর সাথে সংযোগ করে এসব জলাবদ্ধতার পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।এছাড়া চনপাড়া ব্রিজের যানযট নিয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বর্তমান সময়ে বাংলাদেশে আবারও করোনা ভাইরাসের আতংক বৃদ্ধি পাচ্ছে। আমাদের রূপগঞ্জেও করোনা ভাইরাসের সংক্রমন বৃদ্ধি পাচ্ছে। তিনি সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ এবং স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। যারা করোনা ভাইরাস মোকাবেলা কাজ করে যাচ্ছে তাদের সবাইকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান। করোনা পরিস্থিতি থাকা অবস্থায়ও যার যার অবস্থান থেকে আমাদের সকলকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নে কাজ করে যেতে হবে।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়নের ফজুরবাড়ি হতে কাঞ্চন ব্রিজ পর্যন্ত রাস্তার অবস্থা খুবই খারাপ। কিছু দিন আগে আমার নিজ অর্থায়নে রাস্তাটি মেরামত করেছিলাম। রাস্তাটি আবারও চলাচলের অনপুযোগী হয়ে গেছে। প্রতিদিন অটো/সিএনজি দূর্ঘটনা ঘটছে। বর্তমানে চলাচলের অযোগ্য। এ রাস্তা দিয়ে বহু মানুষের চলাচল। রাস্তাটি সংস্কার করে চলাচলে ব্যবস্থা করলে এলাকাবাসী উপকৃত হবে। আমাদের ইউনিয়নে বিভিন্ন সিটি কর্তৃক বালু ভরাট করায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। শিমুলিয়া বাজার থেকে কলিঙ্গা পর্যন্ত রাস্তার কাজ চলমান। আমরা আশা করি রাস্তাটি সম্পন্ন হলে যানজট অনেকটাই কমে যাবে। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আমার ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কর্মসূচি যথাযথ মর্যাদায় উদযাপন করেছি। কোনো সমস্যা হয়নি। এছাড়া তিনি আরো বলেন, এছাড়া আমাদের ইউনিয়নে ভিজিডি ভাতাভোগীর সংখ্যা যেন বৃদ্ধি করা হয় এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।

চেয়ারম্যান, ভূলতা ইউনিয়ন পরিষদ বলেন , আমরা ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০১৯ যথাযথ মর্যাদায় উদযাপন করেছি। বিভিন্ন কর্মসূচি উদযাপন করেছি। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। আমার ইউনিয়নে যে সকল সোলার রয়েছে তার বেশির ভাগই অকেজো, পুরাতন, জরাজীর্ণ। জনগণের চলাচলে বিঘ্ন ঘটে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ড্রেনেজ খালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান রাখার জন্য উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সভায় দৃষ্টি আকর্ষন করা হয়। আমার ইউনিয়নে বিধবা ভাতা বৃদ্ধি করার অনুরোধ জানাচ্ছি। তিনি আরো বলেন, আবারও করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চেয়ারম্যান, গোলাকান্দাইল ইউনিয়ন পরিষদ বলেন , জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস ২০২১ রূপগঞ্জ উপজেলা প্রশাসনের পাশাপাশি প্রতিটি ইউনিয়ন পর্যায়ে করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করে যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়েছে। এ দিবস উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেছি। আমাদের আইনশৃঙ্খলা বাহিনীকে সর্বোচ্চ সর্তক থাকতে হবে। আমার ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক এক্সাভেটর, ড্রামট্রাক ও ম্যানুয়েল লেবার এর মাধ্যমে নিষ্কাশন খালের বর্জ্য ও পলি অপসারণের কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়েছে এবং ড্রেনেজ খালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান রাখার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, আবারও করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। আমাদের কে স্বাস্থ্যবিধি গাইড লাইন শতভাগ মেনে চলতে হবে। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ বলেন, উপজেলা প্রশাসন, রূপগঞ্জ এর পাশাপাশি জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে আমরা ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে যথাযথ মর্যাদায় উদযাপন করেছি। কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আমার ইউনিয়নের ৭ ও ৮নং ওয়ার্ডে জলাবদ্ধতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এতে জন দুর্ভোগ বাড়ছে। এ বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া আমার এলাকার ৪,৫ ও ৬নং ওয়ার্ডের রাস্তার অবস্থা মোটেও ভালো না। রাস্তার কাজ শুরু হয়েছে তবে খুব স্লো। কেউ কেউ আবার রাস্তাঘাট দখল করে আছে। সামনে নির্বাচন। এসব রাস্তার কাজ যদি দ্রুত সম্পন্ন না করা হয় তাহলে নির্বাচরে সময় প্রশাসনের লোকজন বিভিন্ন কেন্দ্রে যেতে পারবে না। এতে বিভিন্ন কেন্দ্র ঝুঁকিপূর্ণ হবে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষন করা হয় এবং নির্বাচন উপলক্ষে নির্বাচনের আগে রাস্তাগুলো মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। উপজেলা প্রশাসন হতে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তির জন্য নারী নির্যাতনসহ বিভিন্ন অভিযোগের পত্র পাই। এ সকল অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কিছু বিধি বিধান থাকায় আমাদের পক্ষে নিষ্পত্তি করা সম্ভব হয় না, এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আমাদের দেশেও এ ভাইরাসের মৃত্যুর হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান,দাউদপুর ইউনিয়ন পরিষদ বলেন, দাউদপুর ইউনিয়ন কৃষক ও কৃষি নির্ভর ইউনিয়ন। এখানে প্রচুর শাক সবজি চাষ করা হয়। শুধু তাই নয় এখানকার শাক সবজি ঢাকা শহরে রপ্তানি করা হয়। এখানে কৃষি কাজ খুব ভালো হয়। কিন্তু কৃষি কাজে যেসকল সরকারি সুবিধা আছে সেগুলো এখানে পৌছে না। এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দাউদপুর ইউনিয়ন কর্তৃকক গৃহীত কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করা হয়েছে। আমার ইউনিয়নে বেশ কয়েকটি জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া আমার ইউনিয়নের বেশ কয়েকটি রাস্তা অত্যন্ত সংকীর্ণ; এ রাস্তা গুলো প্রশস্ত করার বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষন করা হয়। । আমার ইউনিয়নে বেশ কয়েকটি গরুর খামার রয়েছে। গরুর বিভিন্ন রোগের কারনে অনেক সময় খামারীদের বড় ধরণের লোকসান হয়। এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার এর দৃষ্টি আকর্ষন করা হয়। এছাড়া গরু চুরি আমার ইউনিয়নের আর একটি বড় সমস্যা। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। ইতোমধ্যে আমার ইউনিয়নের রাস্তার কাজ শুরু করা হয়েছে। রাস্তার কাজ চলমান। রূপগঞ্জ উপজেলা শিল্পাঞ্চল হওয়ায় এখানে জনগণের চলাচল বেশি; যার কারণে আমাদের করোনা ভাইরাসের ভয়ও বেশি। আমাদেরকে সবোচ্চ সতর্ক থাকতে হবে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান, দাউদপুর ইউনিয়নে এ সরকারের আমলে যথেষ্ঠ উন্নয়ন হয়েছে।

চেয়ারম্যান, ভোলাব ইউনিয়ন পরিষদ বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত ও জাতীয় শোক দিবস উপলক্ষে আমার ইউনিয়ন কর্তৃক গৃহীত কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করা হয়েছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। মন্ত্রী মহোদয়ের প্রচেষ্টায় আমার ইউনিয়নের বেশ কয়েকটি রাস্তা মেরামত করা হয়েছে। রাস্তাগুলো চলাচলের উপযুক্ত হয়েছে। সাধারণ মানুষ অনেক খুশি। আরো কিছু রাস্তা মেরামতের বাকি রয়েছে। এগুলো সংস্কার করার অনুরোধ জানানো হয়। বৃষ্টির কারনে আমার এলাকার জলাবদ্ধতায় মানুষের ভোগান্তি চরমে পৌছেছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া চৈত্র মাসে আমার ভোলাব ইউনিয়নে বিশুদ্ধ পানির প্রকট সমস্যা হয়। পানির সমস্যা সমাধানে গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি আমার ইউনিয়নে বিধবা ভাতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করছি।

উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সোহেল আহম্মদ ভূইয়া বলেন, আমরা রূপগঞ্জবাসী গর্বিত, আমরা অত্যন্ত আনন্দিত। আমরা একজন বীর প্রতীকের কর্মী। তাঁর আর্দশকে লালন করে সামনের দিকে এগিয়ে যেতে হবে, উন্নয়নের দিকে অগ্রসর হতে হবে। কোনো কুচক্রীমহল যেন আমাদের উন্নয়নের ধারাকে বাধা দিতে না পারে। আমাদের প্রত্যেকটি কর্মীকে সর্তক থাকতে হবে। মন্ত্রী মহোদয়কে আমাদের পক্ষ হতে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জ্ঞাপন করছি। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এছাড়াও তিনি জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতীক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং ধন্যবাদ জানান; এই সংকটময় মুর্হুতে অসুস্থ্য থেকেও সার্বক্ষণিক আমাদের পাশে থাকার জন্য। তিনি আরো বলেন, উপজেলা ১৭ কমিটির সভা নিয়মিত হচ্ছে এবং তা চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। করোনা ভাইরাসের সংক্রমণ আবারও আশংকাজনক ভাবে বৃদ্ধি পাচ্ছে। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে। সবাইকে বাধ্যতামূলকভাবে মাক্স ব্যবহার করতে হবে। তিনি আরো বলেন, রূপগঞ্জ উপজেলায় অনেক রাস্তাই সংকীর্ণ; এসকল রাস্তা প্রশস্ত করলে জনগণের চলাচলে আরো সুবিধা হবে এবং যানযটও কমবে। মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। রূপগঞ্জের উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব জন্মশতবর্ষে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে; এ অর্জন দেশের এক বিরাট গৌরবের ও আনন্দের। উন্নয়ন এখন দৃশ্যমান। মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীন ''ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ" প্রকল্প বাস্তবায়ন আমাদের বড় অর্জন। মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করছি; আমাদের রূপগঞ্জ এর উন্নয়নে অর্থ প্রদান করার জন্য। অর্থনৈতিকভাবে আমরা এগিয়ে যাচ্ছি। বর্তমান সময়ে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোভিট-১৯ ভাইরাস মোকাবেলা করা। প্রতিদিনই এ ভাইরাসে আক্রান্ত সংখ্যা ও মৃত্যু হারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সকলকে তিনি ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান এবং শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। উপজেলা পর্যায়ে যেকোনো অনুষ্ঠান বা কর্মসূচি বাস্তবায়নে যেন শতভাগ স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয় এ বিষয়ে সর্তক থাকতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। রূপগঞ্জ উপজেলায় শতভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। স্বাধীনতার মহান স্থপিত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা প্রশাসন, রূপগঞ্জ কর্তৃক গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল। জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা প্রশাসন, রূপগঞ্জ কর্তৃক গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। তিনি আরো বলেন, প্রতিটি শিশুর জন্মের পর যথা সময়ে যেন জন্ম নিবন্ধন করানো হয় এবং মৃত্যুর পর মৃত্যু নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশদের সহযোগিতা নেয়ার জন্য চেয়ারম্যানদের প্রতি অনুরোধ করা হয়। যেহেতু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে, সেহেতু শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে লেখাপড়ার খোঁজ খবর নেয়ার বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার, রূপগঞ্জ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি বিশ্বব্যাপী করোনো ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। আমাদের দেশে করোনা ভাইরাসের প্রথম পর্যায়ে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। সেকেন্ড ওয়েভ পরিস্থিতিও নিয়ন্ত্রণে রয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৪৪৮৬ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ৪২৯০ জন, মোট মৃত্যু ১৮ জন। রূপগঞ্জ উপজেলা পর্যায় করনো ভাইরাস সহনীয় পর্যায় রয়েছে। সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য তিনি অনুরোধ করেন এবং করোনা পরিস্থিতি শতভাগ নিয়ন্ত্রণে রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। সর্বোচ্চ সর্তকতাই এ ভাইরাস মুক্তির একমাত্র পথ। তিনি আরো জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি এবং মুজিব বর্ষ উপলক্ষে প্রত্যেক দপ্তরের গৃহীত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে সভাপতি ও ম্যানিজিং কমিটির সমন্বয়ে সততা স্টোর প্রতিষ্ঠা করতে হবে। রূপগঞ্জ উপজেলাধীন ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানে Adolescent Counseling Center স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। "Adolescent Counseling Center " নিয়মিত পরিদর্শন ও এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট কমিটি ও শিক্ষকদের দৃষ্টি আকর্ষন করা হয়। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও প্রতিমাসের ০১ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের সভার কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা প্রশাসন, রূপগঞ্জ কর্তৃক গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আমাদের আইনশৃঙ্খলা বাহিনীকে সর্বোচ্চ সর্তক ছিল। রূপগঞ্জ উপজেলার রাস্তা নিয়ে যে সকল সমস্যা রয়েছে, তা অতি দ্রুতই সমাধান করা হবে। গ্রামের ভিতরের সংকীর্ণ রাস্তাগুলো প্রশস্ত করা হবে। এছাড়া প্রায় প্রতিটি ইউনিয়নেই জলাবদ্ধতার সমস্যা রয়েছে। এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরো বলেন, বর্তমান সময়ে আলোচিত করোনা ভাইরাসের আতংকে জনমনে ভয়ভীতির সৃষ্টি হচ্ছে। এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা এবং মৃত্যু হারের সংখ্যা বেড়েই চলছে। তিনি সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ করেন এবং কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় তিনি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। গণটিকা কার্যক্রম/ভ্যাকসিন প্রদান সম্পন্নকরণে সংশ্লিষ্ট ধন্যবাদ জানান। আমাদের উপজেলার ভোলাব, মুড়াপাড়া, রূপসীর রাস্তাগুলো চলাচলের অনুপোযোগী; যেসকল ঠিকাদাররা রাস্তার কাজগুলো পেয়েছেন তারা যেন দ্রুত কাজ শুরু করে এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। কসাইখানা এবং ডাইগোনোস্টিক সেন্টার এর ট্রেড লাইসেন্সসহ অন্যান্য লাইসেন্স আছে কিনা এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। এ উপজেলার প্রত্যেকটি ডিপার্টমেন্ট মুজিববর্ষকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে; আমরা তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। মুজিবর্ষ উপলক্ষে রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততার পরিচর্যার জন্য শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে। মুজিববর্ষ উপলক্ষে আমরা প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে ভূমি দস্যু কর্তৃক বালু ভরাট করা হচ্ছে । এ উপজেলায় যেটুকু কৃষি জমি রয়েছে তা যেন ঠিক থাকে। কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ফেললে আমাদেরকে জানান আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৯.২০- ৭৩৫ (৪০)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮ / ০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় জ্ঞাতার্থেঃ-
১। জনাব গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
অবগতি ও কার্যার্থে ঃ
১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
২। উপজেলা ..............................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান...........................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৫। জনাব/বেগম.............................................................

০৯/০৯/২০২১

শাহ্ নুসরাত জাহান
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ